দৈনিক ইনকিলাব

তারিখ 22 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

159

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সভাপতি জনাব সাইফ উদ্দিন আহমদ মানিক এক বিবৃতিতে গত শনিবারে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের দাবী জানিয়েছেন। একই সাথে তিনি শিক্ষকদের মর্যাদা রক্ষারও জোর দাবী জানান।

বিবৃতিতে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, একদিকে শিক্ষাঙ্গনে সন্ত্রাসী তৎপরতা নির্মূল করার জন্য জাতীয়

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর

ঐকমত্যের কথা বলা হচ্ছে অন্যদিকে সন্ত্রাস রোধের কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। আইন প্রয়োগকারী সংস্থার নির্লিপ্ততা জনগণকে আরো হতাশ করছে।